# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৫৩ : আহলুস-সুন্নাহ ওয়াল জামাতের মানহাজ বিরোধী মানহাজসমূহ থেকে সতর্ক করা কি ওয়াজিব?

উত্তর : জ্বী, আহলুস-সুন্নাহ ওয়াল জামাতের মানহাজ বিরোধী মানহাজ সমূহ থেকে সতর্ক করা ওয়াজিব।[1] এটা আল্লাহর জন্য, তার রসূলের জন্য, মুসলিম নেতাদের জন্য এবং সাধারণ মুসলিমদের জন্য কল্যাণ কামনার অন্তর্ভুক্ত।

আমরা অনিষ্টকর লোক ও ইসলামী মানহাজ বিরোধী মানহাজ ওয়ালাদের থেকে সতর্ক করব। মানুষের নিকট এই বিষয়াবলির ক্ষতিকর দিক বর্ণনা করব এবং তাদেরকে কুরআন-সুন্নাহ আঁকড়ে ধরার জন্য উদ্বুদ্ধ করব। এ কাজ করা ওয়াজিব। আহলুল ইলম বা আলিমদের কিছু সংখ্যকের উপর ওয়াজিব হলো মুক্তির জন্য সঠিক শারঈ পথ জনগণের জন্য স্পষ্ট করে দেয়ার কাজে আত্মনিয়োগ করা।

---

[1]. এটাই সালাফদের মানহাজ। সালাফে সালেহীন (রহ.) গণ কুরআন-সুন্নাহ বিরোধী মানহাজ ওয়ালাদের থেকে সতর্ক করার ব্যাপারে খুবই কঠোর ছিলেন। শুধু তাই নয় যারা ভ্রান্ত মানহাজের অনুসারীদের প্রশংসা করত অথবা তাদের বই-পুস্তককে মূল্যবান মনে করত তাদেরকে তাড়িয়ে দিতেন।

শায়খুল ইসলাম ইমাম ইবনু তাইমীয়া (রহ.) বলেন, ‘তাদের সাথে যারা সম্পৃক্ত হবে, তাদের পক্ষে ওকালতি করবে, তাদের প্রশংসা করবে, তাদের বই-পুস্তককে সম্মান করবে, তাদের সমালোচনা করাকে অপছন্দ করবে, তাদের পক্ষে ওযর আপত্তি পেশ করবে যে ওযর আপত্তি বা কথাগুলো একমাত্র মূর্খ ও মুনাফিকই বলে থাকে তাদেরকে শাস্তি দেওয়া অত্যবশ্যক। এমনকি যার তাদের অবস্থার কথা অবগত হয়েও তাদের বিরুদ্ধে সাহায্য করবে না তাদেরকেও শাস্তি দেওয়া ওয়াজিব; কেননা তাদের মুকাবিলা করা একটি বড় ওয়াজিব’ (মাজমূ‘উল ফাতওয়া ২/১৩২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13127

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন